



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং - ক/অ/১৫০/

তারিখ :

বিষয় : যশোর জেলার অভয়নগর উপজেলাধীন “নওয়াপাড়া মডেল কলেজ” এর ইংরেজি বিষয়ের সহকারি অধ্যাপক জনাব সিদ্ধার্থ রায় কর্তৃক জালিয়াতির মাধ্যমে এমপিও (MPO) ভুক্ত হওয়া এবং অবৈধভাবে বেতন-ভাতার সরকারি অংশ উত্তোলনের বিষয়ে তদন্ত।

সূত্র : বিজ্ঞ সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আমলী আদালত অভয়নগর, যশোর-এ দায়েরকৃত মামলা নং- P-১০৪/২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বিজ্ঞ সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আমলী আদালত অভয়নগর, যশোর-এ দায়েরকৃত মামলা নং- P-১০৪/২০১৭ এর গত ০৭-০৮-২০১৭ খ্রি. তারিখের আদেশের আলোকে যশোর জেলার অভয়নগর উপজেলাধীন “নওয়াপাড়া মডেল কলেজ” এর ইংরেজি বিষয়ের সহকারি অধ্যাপক জনাব সিদ্ধার্থ রায় কর্তৃক তথ্য গোপন করে এমপিও (MPO) ভুক্ত হওয়া এবং বিধিবহির্ভূতভাবে বেতন-ভাতার সরকারি অংশ উত্তোলন সংক্রান্ত বিষয়টির সত্যতা যাচাইয়ের লক্ষ্যে আগামী ০৭-১০-২০১৭ খ্রি. তারিখ রোজ শনিবার সকাল ১০.০০ ঘটিকায় উপর্যুক্ত কলেজের অধ্যক্ষ মহোদয়ের কার্যালয়ে তদন্তকার্য অনুষ্ঠিত হবে।

উক্ত তদন্তকার্য সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট মামলার বাদী, বিবাদী এবং অধ্যক্ষসহ সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে উল্লিখিত তারিখ ও সময়ে অধ্যক্ষের কার্যালয়ে উপস্থিত থেকে তদন্তকাজে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হল।

স্বঃ—

(অমল কুমার বিশ্বাস)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন-০৪২১-৬৮৬৩৮

অধ্যক্ষ

নওয়াপাড়া মডেল কলেজ

ডাক : নওয়াপাড়া, অভয়নগর, যশোর।

স্মারক নং- ক/অ/১৫০/৭২৫(৫)/১

তারিখ : ০৪/১০/২০১৭

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল :-

- ১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ২। সভাপতি, গভার্ণিং বডি, নওয়াপাড়া মডেল কলেজ, ডাক : নওয়াপাড়া, অভয়নগর, যশোর।
- ৩। শেখ মোঃ মোশাররফ হোসেন (বাদী), সাং-নওয়াপাড়া, ওয়ার্ড নং-৪, মডেল কলেজ রোড, অভয়নগর, যশোর।
- ৪। জনাব সিদ্ধার্থ রায় (বিবাদী), সহকারী অধ্যাপক, ইংরেজি (ইনডেক্স নং-৩০০৭০৪৪), নওয়াপাড়া মডেল কলেজ, ডাক: নওয়াপাড়া, অভয়নগর, যশোর।
- ৫। অফিস নথি।

স্বঃ—
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

স্বঃ—

স্বঃ—
কলেজ পরিদর্শক